# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ১৪. ধর্মীয় অসহিষ্ণুতা

বাইবেল উদ্ধৃত যীশুর বক্তব্যের মধ্যে বিদ্যমান সাম্প্রদায়িকতার আরেকটা দিক ধর্মীয় অসহিষ্ণুতা। যীশু বলেছেন যে, তিনি শুধু বনি-ইসরাইল বা ইহুদি সম্প্রদায়ের মুক্তির জন্য প্রেরিত এবং যে সকল ইহুদি তাঁর শিক্ষা গ্রহণ করেননি তাদেরকে তিনি অনেক গালিগালাজ করেছেন। ইহুদি আলিম ও ধর্মগুরুদের প্রতি যীশু খ্রিষ্টের গালির বহর আমরা দেখেছি। আমরা দেখলাম যে, তিনি তাদেরকে সাপ, সাপের বংশধর, কালসর্পের বংশধর ইত্যাদি বলেছেন। উপরন্তু, তিনি তাঁদেরকে ঢালাও অভিশাপও দিয়েছেন যে, পূর্বের সকল অন্যায় হত্যার শাস্তি ইহুদিদের বহন করতে হবে। এছাড়া যীশু ধর্মীয় কারণে ইহুদিদেরকে ও অন্যান্য ধর্মের অনুসারীদেরকে ঘৃণা করতে এবং তাদের উপাসনা-জামাত বা ‘সিনাগগ’- কে ‘শয়তানের সিনাগগ’ বলে আখ্যায়িত করতে শিখিয়েছেন। তিনি বলেন: “আমি যে নীকলায়তীয়দের কাজ ঘৃণা করি, তা তুমিও ঘৃণা কর। ... নিজেদের ইহুদী বললেও যারা ইহুদী নয়, কিন্তু শয়তানের সমাজ (ইংরেজি: the synagogue of Satan: শয়তানের সিনাগগ)।” মো.-০৬: “নিজেদেরকে ইহুদি বললেও যারা ইহুদি নয় বরং শয়তানের দলের লোক।” (প্রকাশিত কালাম ২/৬, ৯)।

অন্যত্র যীশু জানান যে, ইহুদিদেরকে তিনি খ্রিষ্টানদের সামনে নত করাবেন এবং ইহুদিরা খ্রিষ্টানদের পায়ে মাথা রেখে তাদের ‘ইবাদত’ (worship) করবে: “যারা নিজেদেরকে ইহুদি বলে অথচ ইহুদি নয়, শয়তানের দলের (শয়তানের সিনাগগের) সেই মিথ্যাবাদী লোকদের আমি তোমার কাছে আনাব যেন তারা তোমার পায়ে পড়ে ইবাদত করে (I will make them to come and worship before thy feet) আর তাদের জানিয়ে দেব যে, আমি তোমাকে মহববত করি।” (প্রকাশিত কালাম ৩/৯ কি. মো.-০৬)

উল্লেখ্য যে, “তারা তোমার পায়ে পড়ে ইবাদত করবে” কথাটার অনুবাদ কেরি: “তোমার চরণ সমীপে তাহাদিগকে উপস্থিত করাইয়া প্রণিপাত করাইব।” জুবিলী বাইবেল: “ওদের এনে আমি তোমার পায়ের সামনে প্রণিপাত করতে বাধ্য করব।” মো.-২০০৬: “তোমার পায়ের কাছে কদমবুসি করাব”। মো.-১৩: “আমি তোমার পায়ের কাছে তাদেরকে উপস্থিত করে অবনত করাব।”

এ সকল বক্তব্য বিগত দু হাজার বছর ধরে খ্রিষ্টানদেরকে ইহুদি-বিদ্বেষ, ইহুদি নিপীড়ণ ও লক্ষ-কোটি ইহুদিকে হত্যা করতে উদ্বুদ্ধ করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন